"শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ"


রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
iaudhaka@gmail.com

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।


স্মারক নং-ইআবি/একা-৩৯/কা.২বছর.ভর্তি/২০১৮/ ৫৬০৪ তারিখঃ ৩০/০৫/২০১৮

# ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (২ বছর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল কামিল মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার অধীনে ফাজিল (স্নাতক) ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা- ২০১৪, ২০১৫ ও ২০১৬ এ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল মাস্টার্স (২ বৎসর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তি ও নাম রেজিস্ট্রেশনের জন্য নিম্ন বর্ণিত তফশিল অনুযায়ী রেজিস্ট্রেশন ফি'সহ অন্যান্য ফি' জমা দিতে হবে।

এ ছাড়াও একটি বিষয়ে কামিল মাস্টার্স (২ বৎসর মেয়াদী) ডিগ্রী অর্জন করার পর অন্য যে কোন বিষয়ে পূনরায় ভর্তি হয়ে কামিল ডিগ্রী অর্জন করতে পারবে। কামিল মাস্টার্স পরীক্ষা- ২০১৩, ২০১৪ ও ২০১৫ এ উত্তীর্ণ ছাত্র-ছাত্রী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (২ বৎসর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে অন্য যে কোন বিষয়ে নিয়মিত ছাত্র-ছাত্রী হিসেবে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন করতে পারবে।

## ভর্তি ও রেজিস্ট্রেশনের নিয়মাবলী

১। **ভর্তি ও অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত সময়সূচী:**

ক) বিলম্ব ফি' ছাড়া ভর্তি: ০২.০৬.২০১৮ইং হতে ০৪.০৮.২০১৮ইং তারিখ পর্যন্ত।

খ) বিলম্ব ফি' ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' (নিম্নের বর্ণনানুযায়ী ব্যাংক অনলাইনে/টি.টি.-এর মাধ্যমে) জমা দেওয়ার শেষ তারিখ: ০৫.০৮.২০১৮ইং।

গ) বিলম্ব ফি' সহ ভর্তি: ০৫.০৮.২০১৮ইং হতে ১২.০৮.২০১৮ইং তারিখ পর্যন্ত।

ঘ) বিলম্ব ফি' সহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' (নিম্নের বর্ণনানুযায়ী অনলাইনে/টি.টি- এর মাধ্যমে) জমা দেওয়ার শেষ তারিখ: ১৩.০৮.২০১৮ইং।

ঙ) **অনলাইন রেজিস্ট্রেশন**: ভর্তিকৃত শিক্ষার্থীদের ১৪.০৮.২০১৮ইং থেকে ৩১.০৮.২০১৮ইং তারিখের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করে ০১.০৯.২০১৮ইং থেকে ০৩.০৯.২০১৮ইং তারিখের মধ্যে **Final Submit** দিতে হবে।

উল্লেখ্য, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (২ বৎসর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় ফি' অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লিমিটেড, সাত মসজিদ রোড শাখা, ধানমন্ডি, ঢাকা-এর চলতি হিসাব নং- **(STD)** ০২০০০০৪৩৮৩৩৬৫ এ (যে সমস্ত জায়গায় অনলাইন ব্যাংকিং ব্যবস্থা নেই সে সমস্ত জায়গার মাদরাসাসমূহ রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিমিটেড- এর যে কোন শাখা হতে আদায়যোগ্য টি.টি.- এর মাধ্যমে) জমা দিতে হবে।

২। **প্রতিটি মাদরাসায় নিম্নরূপে গঠিত একটি কমিটি স্থানীয়ভাবে ভর্তি কার্যাদি সম্পন্ন করবে:**

| | | |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | আহবায়ক |
| ২ | একজন শিক্ষক প্রতিনিধি<br>(গভর্নিং বডি/এডহক কমিটির সদস্য, তবে সরকারী মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন শিক্ষক) | সদস্য |
| ৩ | কামিল পর্যায়ে একজন শিক্ষক (প্রভাষক/ সহকারী অধ্যাপক, অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |

৩। ফাজিল (স্নাতক) পাশের নম্বরপত্র ও অধ্যক্ষ কতৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। তবে ফাজিল (স্নাতক) পরীক্ষা- ২০১৬ এ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের টেবুলেশন শীটের (সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কতৃক সত্যায়িত) কপি দিয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (২ বৎসর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তি করা যাবে। পরবর্তীতে যখন ফাজিল (স্নাতক) পাশের নম্বরপত্র পাওয়া যাবে তা সংশ্লিষ্ট মাদরাসাকে অবশ্যই সংরক্ষণ করতে হবে ।

৪। **অনলাইন ব্যাংকিং / টি.টি- এর মাধ্যমে ফি' জমার রশিদ ও eSIF লিস্ট সহ আনুষাঙ্গিক কাগজপত্র জমা দেয়া সংক্রান্ত তথ্য:**

সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে রেজিস্ট্রেশন সম্পন্নের পরবর্তী ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে অফিস চলাকালীন সময়ে অনলাইন ব্যাংকিং /টি.টি- এর মাধ্যমে ফি' জমার মূল রশিদ ও ২ কপি eSIF লিস্টসহ

রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
iaudhaka@gmail.com

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

আনুষাঙ্গিক কাগজপত্র সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বছিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ে জমা দিতে হবে।

৫। (ক) নির্ধারিত আবেদন ফরমে স্বাক্ষর নিয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে। ছাত্র-ছাত্রী অথবা অভিভাবকের সম্মতি ব্যতীত কোন ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিকট থেকে এ মর্মে একটি অঙ্গীকারনামা নিতে হবে যে, "আমি ভালভাবে বুঝে শুনেই এই মাদরাসায় ভর্তি হতে ইচ্ছুক। ভর্তি হওয়ার পর কোন অবস্থাতেই এই মাদরাসা পরিবর্তন করে অন্য কোন প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন করবো না"।

(খ) <u>কামিল (স্নাতকোত্তর) শ্রেণীর ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন ফি' সহ অন্যান্য ফি'-এর হার (ছাত্র/ছাত্রী প্রতি):</u>

**বিলম্ব ফি' ছাড়া**

| শ্রেণী | আবেদন ফরম ফি' | রেজিঃ ফি' | ভর্তি ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস/বি.এন.সি.সি ফি. |
|---|---|---|---|---|---|
| কামিল | ১০০/- | ২০০/- | ৩০০/- | ৫০/- | ২৫/- |

**বিলম্ব ফি' সহ**

| শ্রেণী | আবেদন ফরম ফি' | বিলম্ব রেজিঃ ফি' | বিলম্ব ভর্তি ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস/বি.এন.সি.সি ফি. |
|---|---|---|---|---|---|
| কামিল | ১০০/- | ৩০০/- | ৪০০/- | ৫০/- | ২৫/- |

(গ) ভর্তি ফি', বিলম্ব ভর্তি ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' (প্রতি ছাত্র-ছাত্রী বিলম্ব ফি' ছাড়া ৫০০/- টাকা এবং বিলম্ব ফি'সহ ৬৫০/- টাকা হারে) অনলাইন ব্যাংকিং - এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লিমিটেড, সাত মসজিদ রোড শাখা, ধানমন্ডি, ঢাকা - এর চলতি হিসাব নং- **(STD)** ০২০০০০৪৩৮৩৩৬৫- এ (যে সমস্ত জায়গায় অনলাইন ব্যাংকিং ব্যবস্থা নেই সে সমস্ত জায়গার মাদরাসাসমূহ রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিমিটেড- এর যে কোন শাখা হতে আদায়যোগ্য টি.টি- এর মাধ্যমে) জমা দিতে হবে।

(ঘ) যে সকল ছাত্র-ছাত্রী বিলম্বে ভর্তি হয়েছে তাদের নাম তালিকার মধ্যে লাল কালিতে চিহ্নিত করতে হবে।

(ঙ) নতুন অনুমতি প্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে অনুমতি পত্রের সত্যায়িত ফটোকপি তালিকার সঙ্গে সংযুক্ত করতে হবে।

(চ) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা - এর / অনুকূলে অগ্রণী ব্যাংকের (অনলাইন ব্যাংকিং / টি.টি- এর মাধ্যমে) ফি' জমার রশিদ ছাড়া অন্য কোন ব্যাংকের (অনলাইন ব্যাংকিং / টি.টি- এর মাধ্যমে) ফি' জমার রশিদ গ্রহণ করা হবে না। (অনলাইন ব্যাংকিং / টি.টি-এর মাধ্যমে) ফি' জমার রশিদ এর অপর পৃষ্ঠায় মাদরাসা প্রধানের সীল ও স্বাক্ষর থাকতে হবে।

(ছ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (২ বৎসর মেয়াদী) শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের প্রত্যেকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি (টুপি/ওড়না পরিহিত) রঙিন ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে মাদরাসায় সংরক্ষণ করতে হবে।

৬। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (২ বৎসর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ ০১.০৯.২০১৮ইং তারিখ থেকে শুরু হবে।

৭। ছাত্র-ছাত্রীদের সকল তথ্য দাখিল পরীক্ষার অনুরূপ হতে হবে।

কামিল মাস্টার্স (২ বৎসর মেয়াদী) শ্রেণীতে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের একাডেমিক ও পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও পরীক্ষা সংক্রান্ত অর্ডিন্যান্স অনুযায়ী এবং বিশ্ববিদ্যালয়ে প্রণীত কারিকুলাম অনুযায়ী পরিচালিত হবে।

৩০-৫-২০১৮

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়